



হরমুজ প্রণালিতে নৌ চলাচল বন্ধের ঘোষণা ইরানের



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির মাধ্যমে সব ধরনের নৌযান চলাচল স্থগিতের সিদ্ধান্ত জানিয়েছে ইরান। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধবিরতি ও সমঝোতা লক্ষ্যনের অভিযোগ তুলে এ ঘোষণা দেওয়া হয়।

শনিবার (২০ জুন) দেশটির সামরিক কমান্ড খাতাম আল-আম্বিয়া সেন্ট্রাল হেডকোয়ার্টার্সের পক্ষ থেকে এ সিদ্ধান্ত জানানো হয়। এক বিবৃতিতে বলা হয়, তেহরান-ওয়াশিংটন সমঝোতার নির্ধারিত শর্ত মানা হয়নি, যা পরিস্থিতিতে নতুন করে উত্তপ্ত করেছে।

বিবৃতিতে দক্ষিণ লেবাননে ইসরায়েলের সামরিক তৎপরতাকেও যুদ্ধবিরতির পরিপন্থী হিসেবে উল্লেখ করা হয়। এসব ঘটনার প্রেক্ষিতে হরমুজ প্রণালি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানানো হয়।

বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ জ্বালানি রুটগুলোর একটি হলো হরমুজ প্রণালি। এই পথ দিয়েই আন্তর্জাতিক বাজারে বড় পরিমাণে তেল ও গ্যাস সরবরাহ হয়ে থাকে।

বিশ্লেষকদের মতে, এই প্রণালিতে চলাচল ব্যাহত হলে বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহ ও দাম উভয়ের ওপর বড় ধরনের প্রভাব পড়তে পারে।

এ বিষয়ে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।